গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২০.২৩.০০৭.২০- তারিখ : ____________

## "অফিস আদেশ"

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক নিম্নোক্ত কর্মসূচিসমূহ পালন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

| ক্র: নং | কর্মসূচির শিরোনাম | তারিখ ও স্থান | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী কর্মকর্তা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | জাতীয় ও বিভাগীয় পতাকা অর্ধনমিত রাখা | ২১.০২.২০২৫ (সূর্যোদয় হতে সুর্যাস্ত পর্যন্ত) | The People Republic of Bangladesh Flag Rules, 1972 অনুযায়ী জাতীয় পতাকা ও বিভাগীয় পতাকা অর্ধনমিত রাখা; | ▪ অধিদপ্তর,<br>▪ বিভাগীয় দপ্তর....(সকল)<br>▪ ট্রেনিং কমপ্লেক্স<br>▪ জেলা সদর দপ্তর... (সকল)<br>▪ ফায়ার স্টেশন.....( সকল) | |
| ২. | পুষ্পস্তবক অর্পণ | ২১.০২.২০২৫ ০০.০১ | শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য কেন্দ্রীয় শহীদ মিনারে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক পুষ্পস্তবক ও শ্রদ্ধাঞ্জলি অর্পণ; | ▪ মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর<br>▪ উপপরিচালক, ঢাকা বিভাগ, ঢাকা। | সুরক্ষা সেবা বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতিপালিত হবে; |
| ৩. | নিরাপত্তা ইউনিট মোতায়েন | এসএসএফ ও নিরাপত্তা বাহিনী নির্ধারিত সময় | কেন্দ্রীয় শহীদ মিনারের অনুষ্ঠানস্থলসহ অন্যান্য প্রযোজ্যক্ষেত্রে প্রয়োজনীয় জনবলসহ অগ্নিনির্বাপণী গাড়ি মোতায়েনসহ অ্যাম্বুলেন্স সংরক্ষণ; | ▪ সংশ্লিষ্ট উপপরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ | |
| ৪. | সরঞ্জামাদিসহ ফায়ার সার্ভিস এর টিম প্রস্তুত | ২১.০২.২০২৫ | একুশে ফেব্রুয়ারি রাতে কেন্দ্রীয় শহিদ মিনার এলাকায় সকল ধরনের সরঞ্জামাদিসহ ফায়ার সার্ভিস এর টিম প্রস্তুত রাখা | ▪ উপপরিচালক, ঢাকা বিভাগ, ঢাকা।<br>▪ সহকারী পরিচালক, ঢাকা | |
| ৫. | মোনাজাত/প্রার্থনা | ২১.০২.২০২৫ (বাদ যোহর) | ভাষা শহিদদের রুহের মাগফিরাতের জন্য সকল দপ্তর/স্টেশনস্থিত মসজিদ/নামাজ ঘরে ও মন্দির/গীর্জা/উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা; | ▪ অধিদপ্তর<br>▪ বিভাগীয় দপ্তর.... (সকল)<br>▪ ট্রেনিং কমপ্লেক্স<br>▪ জেলা সদর দপ্তর... (সকল)<br>▪ ফায়ার স্টেশন.....( সকল) | |
| ৬. | শহিদ দিবস বিষয়ক আলোকচিত্র ও ভিডিও সম্প্রচার | ২১.০২.২০২৫ ০০:০১ মি. হতে ২৩:৫৯ মি. | দাপ্তরিক ওয়েবসাইট/দাপ্তরিক ফেসবুক পেজে একুশের অনুষ্ঠানমালা প্রচারের ব্যবস্থা এবং শহিদ দিবস বিষয়ক আলোকচিত্র ও ভিডিও সম্প্রচার; | ▪ ভারপ্রাপ্ত কর্মকর্তা মিডিয়া/আইসিটি সেল | |
| ৭. | চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন | ২১.০২.২০২৫ ১০:০০মি. | অধিদপ্তরের অধীন দপ্তর/স্টেশন এর কর্মকর্তা-কর্মচারীগণের ছেলে-মেয়েদের নিয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন; | ▪ অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স | |
| ৮. | বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের পুষ্পস্তবক অর্পণ ও বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ | ২১.০২.২০২৫ ০০.০১ | বিভাগ/জেলা/উপজেলা এর সাথে সমন্বয়পূর্বক ভাষা আন্দোলনে শহিদদের স্মরণে রাত ১২.০১ মিনিটে স্ব-স্ব শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ এবং বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ; | ▪ বিভাগীয় দপ্তর....(সকল)<br>▪ জেলা সদর দপ্তর... (সকল)<br>▪ ফায়ার স্টেশন.....( সকল) | |

চলমান-২

২। মাঠপর্যায়ের দপ্তর/স্টেশনসমূহ স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক স্ব-স্ব শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করবে।

৩। কর্মসূচি বাস্তবায়নকারী ও অংশগ্রহণকারীদের প্রতি নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনের অনুরোধ জানানো হলো:

(ক) ফ্ল্যাগ রুলস-এ বর্ণিত বিধি অনুযায়ী সঠিকমাপে ও যথাযথভাবে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে এবং নামাতে হবে।

(খ) একই সময়ে জাতীয়/স্থানীয় প্রশাসনের কর্মসূচি থাকলে সে কর্মসূচিকে অগ্রাধিকার প্রদান করত কর্মসূচি সমন্বয় করে নিতে হবে।

গ) ভাষা শহীদদের রুহের মাগফেরাতের প্রার্থনার সময় তাঁদের সঠিক নাম ব্যবহার করতে হবে।

ঘ) পালনীয় সকল কর্মসূচীতে ৫২'র ভাষা আন্দোলন ও ২০২৪ এর গণ অভ্যুত্থানের প্রতিফলন থাকতে হবে।

৪। এমতাবস্থায়, শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রণীত কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
ব্রিগেডিয়ার জেনারেল
মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২০.২৩.০০৭.২০-২১০৮

তারিখ : ০৬/১১/১৪৩১ বঃ
১৮/০২/২০২৫ খ্রিঃ

**<u>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে):</u>**

১। অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(অপা: ও মেইনটেন্যান্স/(প্রশি: পরি: ও উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/(অপা: ও মেইন:/(উন্নয়ন/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৫। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা **(কর্মসূচি বাস্তবায়ন করার অনুরোধসহ)।**
৬। সহকারী পরিচালক(প্রশাসন ও অর্থ/অপারেশন/পরিকল্পনা/ প্রশিক্ষণ/উন্নয়ন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ক্রয় ও স্টোর), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল /রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৮। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, -------------------------------(সকল)।
৯। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ---------------------------(সকল)।

**কর্মসূচিটি মাঠপর্যায়ে প্রেরণ ও বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।**

১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ/মিডিয়া সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। কপিটি দাপ্তরিক ওয়েবসাইটে আপলোডকরণের জন্য অনুরোধ করা হলো।
১১। অত্র অধিদপ্তরের প্রশাসন/রেশন/বৈদেশিক ক্রয়/পরিকল্পনা/প্রশিক্ষণ/উন্নয়ন/হিসাব/রেকর্ড/অ্যাম্বুলেন্স/অপারেশন/তদন্ত/ কেন্দ্রীয় ক্রয় ও স্টোর/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ছুটি/বাসা বরাদ্দ/পত্র গ্রহণ ও বিতরণ/বেতার শাখা/কল্যাণ ট্রাস্ট/প্রশিক্ষণ সেল/ফায়ার সেফটি সেল/এইচ আর এম ডাটা/লিগ্যাল এন্ড এস্টেট সেল/মাস্টার গার্ড ফাইল।

১৮/০২/২০২৫
মোহাম্মদ মোজাম্মেল হক
পরিচালক (প্রশাসন ও অর্থ)

H:\অন্যান্য ফাইল\দিবস\২১শে ফেব্রুয়ারি কর্মসূচি - ২০২৫.docx